ঝিনাইদহে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

ঝিনাইদহ ক্যাডেট কলেজের তিন দিন ব্যাপী ৫৯তম আন্তঃহাউজ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার (২৩ ডিসেম্বর) বিকালে কলেজ মাঠে এ প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহনকারী বিজয়ী ক্যাডেটদের মাঝে পুরস্কার বিতরণ করেন জেনারেল অফিসার কমান্ডিং আর্মি ট্রেনিং অ্যান্ড ডকট্রিন কমান্ড লেফটেন্যান্ট জেনারেল মোঃ মাইনুর রহমান।

সেসময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ ক্যাডেট কলেজের অধ্যক্ষ কর্নেল এস এম রাকিব ইবনে রেজওয়ান, উপাধ্যক্ষ মোঃ শফিক উদ্দীন, এ্যাডজুটেন্ট মেজর মোঃ সরফরাজ নেওয়াজ, বেসামরিক অফিসারসহ ও কলেজের শিক্ষক-কর্মচারিবৃন্দ।

এছাড়াও উদ্বোধনী অনুষ্ঠানে যশোর এরিয়ার উচ্চ পদস্থ সেনা কর্মকর্তাগণ, ক্যাডেটদের অভিভাবক, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিক, শিক্ষকমন্ডলী ও অতিথিগণ উপস্থিত ছিলেন।

সমাপনী দিনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রদর্শন করা হয় কুচকাওয়াজ ও মিউজিক্যাল ডিসপ্লে। পরে বিভিন্ন ইভেন্টে ক্যাডেটরা অংশ নেয়। গত ১৯ ডিসেম্বর বৃহস্পতিবার থেকে শুরু হয় এ প্রতিযোগীতা ।

প্রতিযোগীতায় ঝিনাইদহ ক্যাডেট কলেজের ৯০জন শিক্ষার্থী ৩৮ টি ইভেন্টে বড় ও ছোট দলে বিভক্ত হয়ে অংশ নেয়। এ বছর চুড়ান্ত ভাবে বিজয়ী হয়েছে বদর হাউজ।

ঝিনাইদহ ক্যাডেট কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

ঝিনাইদহ ক্যাডেট কলেজে তিন দিন ব্যাপী ৫৯তম আন্তঃহাউজ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৯ ডিসেম্বর) সকালে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বেলুন ও পায়রা উড়িয়ে প্রতিযোগিতার উদ্বোধন করেন ঝিনাইদহ ক্যাডেট কলেজের অধ্যক্ষ কর্নেল এস এম রাকিব ইবনে রেজওয়ান এএফডব্লিউসি, পিএসসি ।

সেসময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ ক্যাডেট কলেজের উপাধ্যক্ষ মোঃ শফিক উদ্দীন, এ্যাডজুটেন্ট মেজর মোঃ সরফরাজ নেওয়াজ পিএসসি জি, মেডিকেল অফিসার মেজর নূরুজ্জামান ত’র্য, ও কলেজের শিক্ষক-কর্মচারিবৃন্দ।

এছাড়াও উদ্বোধনী অনুষ্ঠানে ক্যাডেটদের অভিভাবক, সাংবাদিক, শিক্ষকমন্ডলী ও অতিথিগন উপস্থিত ছিলেন।

প্রতিযোগিতায় ক্যাডেটরা ৩৩টি ইভেন্টে অংশ গ্রহন করবেন। আগামী ২৩ ডিসেম্বর ৩ দিন ব্যাপী ৫৯তম আন্তঃহাউজ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহনকারী বিজয়ী ক্যাডেটদের মাঝে পুরস্কার বিতরণ করা হবে।

মুজিবনগরে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক

অনুষ্ঠানের শুভ উদ্বোধন

মেহেরপুরের মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকালে মুজিবনগর ডিগ্রী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ইসমাইল হোসেন প্রধান অতিথি হিসাবে উপস্হিত থেকে এই প্রযোগিতার উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন, একাডেমিক কাউন্সিলের সদস্য সচিব রেজাউল হক, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার প্রধান উপদেষ্টা মফিজুল ইসলাম, কলেজের শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক ও হিসাববিজ্ঞান বিভাগের প্রভাষক হেলাল উদ্দিন সহ কলেজের কর্মকর্তা-কর্মচারী এবং ছাত্র-ছাত্রীবৃন্দ।

মেহেরপুর সরকারি মহিলা কলেজে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

বিপুল সংখ্যক শিক্ষার্থী ও শিক্ষকের উপস্থিতিতে উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে আজ সোমবার (২৫ নভেম্বর) সকাল সাড়ে দশটার সময় মেহেরপুর সরকারি মহিলা কলেজ ক্যাম্পাসে বার্ষিক বহিকক্ষ ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন।

জাতীয় সংগীত পরিবেশন ও জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে এ অনুষ্ঠানের শুভ সূচনা করেন কলেজের অধ্যক্ষ প্রফেসর আবদুল্লাহ আল আমিন ।

প্রভাষক জান্নাতুল নাঈমের সঞ্চালনায় উদ্বোধন অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন সহযোগী অধ্যাপক কাজী আশরাফুল আলম, মিরাজ উদ্দীন, সহকারী অধ্যাপক ড. মোহাম্মদ সারোয়ার হোসেন, তবিবুর রহমান, প্রভাষক রূপালী বিশ্বাস, নিষ্কৃতি মণ্ডল, নাসির উদ্দীন, রেকসোনা

আক্তার, শিক্ষক পরিষদের সম্পাদক ইকরামুল হাসান প্রমুখ।

চুয়াডাঙ্গা কালেক্টরেট স্কুল এন্ড কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরষ্কার বিতরণ

চুয়াডাঙ্গায় কালেক্টরেট স্কুল এন্ড কলেজ কর্তৃক আয়োজিত চাঁদমারী মাঠে গত মঙ্গলবার বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। তারই ধারাবাহিকতায় সোমবার বিকাল তিনটার সময় বার্ষিক ক্রিয়া প্রতিযোগিতার পুরষ্কার বিতরণী এবং সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কবির হোসেনের সভাপতিত্বে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক প্রতিযোগিতা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, নতুন প্রজন্মকে দেশ ও জাতীয় চেতনার সাথে সম্পৃক্ত করতে তাদেরকে পরিপূর্ণভাবে ক্রীড়া ও সংস্কৃতি চেতনায় গড়ে তুলতে হবে। আমাদের তরুণরা খেলাধুলা ও সংস্কৃতি চর্চায় উৎকর্ষতা অর্জনের মাধ্যমেই আন্তর্জাতিক বিভিন্ন প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হবার মতো বিজয় অর্জন করবে।

এ সময় তিনি আরও বলেন, বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা একজন ক্রীড়া প্রেমিক মানুষ। দেশ এবং দেশের মানুষ কিভাবে সবসময় উন্নতি লাভ করবে এটার জন্য সবসময় কাজ করে যাচ্ছেন তিনি। দেশ এবং দেশের বাইরে কিভাবে ক্রীড়ার মাধ্যমে আরও ব্যাপক হারে পরিচিত লাভ করা যায় এজন্য তিনি নতুন নতুন বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছেন ।

উল্লেখ গত মঙ্গলবার চুয়াডাঙ্গা কালেক্টরেট স্কুল এন্ড কলেজের আয়োজনে চুয়াডাঙ্গা চাঁদমারি মাঠে সকাল দশটার সময় জাতীয় সঙ্গীতের মাধ্যমে পতাকা উত্তোলন ও বর্ণাঢ্য উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে উৎসব শুরু হয়। দলগত ডিসপ্লে, মশাল প্রজ্জ্বলন, মার্চ পাস্টের পর বিভিন্ন ক্রীড়া ও সাংস্কৃতিক ইভেন্টের মধ্যে ছিল, চকলেট দৌড়, রিলে দৌড় সহ বিভিন্ন প্রতিযোগিতা

পুরষ্কার বিতরণী ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা কালেক্টর স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মাসুদুজ্জামান, চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার সুমাইয়া পারভীন সহ চুয়াডাঙ্গা কালেক্টর স্কুল এন্ড কলেজের শিক্ষকমন্ডলী সহ অভিভাবকবৃন্দ।

চুয়াডাঙ্গায় ভিক্টোরিয়া জুবলি সরকারি উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় ভিক্টোরিয়া জুবলি (ভিজে) সরকারি উচ্চ বিদ্যালয় কর্তৃক আয়োজিত চাঁদমারী মাঠে আজ সোমবার সকাল দশটার সময় বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, নতুন প্রজন্মকে দেশ ও জাতীয় চেতনার সাথে সম্পৃক্ত করতে তাদেরকে পরিপূর্ণভাবে ক্রীড়া ও সংস্কৃতি চেতনায় গড়ে তুলতে হবে। আমাদের তরুণরা খেলাধুলা ও

সংস্কৃতি চর্চায় উৎকর্ষতা অর্জনের মাধ্যমেই আন্তর্জাতিক বিভিন্ন প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হবার মতো বিজয় অর্জন করবে।

এ সময় তিনি আরও বলেন, বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা একজন ক্রীড়া প্রেমিক মানুষ। দেশ এবং দেশের মানুষ কিভাবে সবসময় উন্নতি লাভ করবে এটার জন্য সবসময় কাজ করে যাচ্ছেন তিনি। দেশ এবং দেশের বাইরে কিভাবে ক্রিড়ার মাধ্যমে আরও ব্যাপক হারে পরিচিত লাভ করা যায় এজন্য তিনি নতুন নতুন বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছেন ।

সকালে জাতীয় সঙ্গীতের মাধ্যমে পতাকা উত্তোলন ও বর্ণাঢ্য উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে উৎসব শুরু হয়। দলগত ডিসপ্লে, মশাল প্রজ্জ্বলন, মার্চ পাস্টের পর বিভিন্ন ক্রীড়া ও সাংস্কৃতিক ইভেন্টের মধ্যে ছিল, চকলেট দৌড়, রিলে দৌড় সহ বিভিন্ন প্রতিযোগিতা

উক্ত আয়োজনে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবা, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) কবির হোসেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি রাজীব হাসান, সাধারণ সম্পাদক বিপুল আশরাফ, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ শেখ সেকেন্দার আলী সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের কর্মকর্তা পুলিশ প্রশাসনের কর্মকর্তা ও ভিক্টোরিয়া জুবিলী সরকারি উচ্চ বিদ্যালয়ের শিক্ষকগণ সহ অভিভাবক বৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে নিউ ওয়ার্ল্ড কলেজিয়েট স্কুলে বার্ষিক

ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

মেহেরপুরে নিউ ওয়ার্ল্ড কলেজিয়েট স্কুলে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ সোমবার (৫ ফেব্রুয়ারি) দুপুর ২ টার সময় নিউ ওয়ার্ল্ড কলেজিয়েট স্কুলে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

মেহেরপুর নিউ ওয়ার্ল্ড কলেজিয়েট স্কুলের চেয়ারম্যান আলহাজ্ব মোঃ শহীদুল্লাহ শহীদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলার সহকারী শিক্ষা অফিসার জহুরুল হক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোমরপুর অনামিকা আইডিয়াল স্কুলের পরিচালক আনিসুর রহমান টিপু।

এ সময় স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর নিউ ওয়ার্ল্ড কলেজিয়েট স্কুলের অধ্যক্ষ সামিরা শহিদুল্লাহ ইলা।

এ ছাড়াও উপস্থিত ছিলেন অনিমা হোসেন অন্তরা, সোহানা আক্তার, কাবিদুল, রেহেনা, প্রতিলতা মীম, লিখনসহ স্কুলের শিক্ষার্থীরা ।

আলমডাঙ্গায় আল ইকরা ক্যাডেট একাডেমির বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ

আলমডাঙ্গা একাডেমি (আল-ইকরা ক্যাডেট একাডেমি) স্কুলে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ এর পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সকাল ১০ টার দিকে আলমডাঙ্গা একাডেমি স্কুল প্রাঙ্গণে এ অনুষ্ঠানের আয়োজন করা হয় ।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাগুরা জেলার কৃত্রিম প্রজনন কেন্দ্রের উপ-পরিচালক এ.এইচ.এম শামীমুজ্জামান।

এসময় প্রফেসর ডঃ মুহাম্মদ আব্দুস শহীদের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা সমাজ সেবা অধিদফতরের সহকারী পরিচালক আবু তালেব, আলমডাঙ্গা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (একাডেমিক সুপার ভাইজার) ইমরুল হক, আলমডাঙ্গা একাডেমি স্কুলের বিদ্যোৎসাহী সদস্য লিয়াকত আলী লিপু মোল্লা, আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, পরিচালনা পরিষদের সহ-সভাপতি মনিরুজ্জামান, সদস্য আনোয়ারুল করিম, মাওলানা আশরাফুল আলম, মাওলানা আব্দুল কাদের, উপদেষ্টা পরিষদ সদস্য সিরাজুল ইসলাম, এ্যাডঃ রবকুল হোসেন, সাবেক সভাপতি ফকির মোহাম্মদ, সাবেক সদস্য আলী আকবর, আবুল কাশেম খাঁন, প্রধান শিক্ষক (অব) আবুল কাশেম, পৌর আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম। এছাড়া একাডেমি স্কুলের শিক্ষার্থীদের উপস্থাপনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠান শেষে আলমডাঙ্গা একাডেমি (আল-ইকরা ক্যাডেট একাডেমি)র আয়োজনে ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানে আলমডাঙ্গা একাডেমির সকল শিক্ষক- শিক্ষিকা, শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি উপস্থাপনা করেন মোঃ আঃ সাহিন শাহিদ। এছাড়া অনুষ্ঠানটির সার্বিক সহযোগীতা এবং পরিচালনার জন্য সকলের নিকট ধন্যবাদ জ্ঞাপন করেন একাডেমি স্কুলের পরিচালক মুহাম্মদ আব্দুল হাই এবং অধ্যক্ষ মোঃ এনামুল হক। অনুষ্ঠান শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

ঝিনাইদহ ক্যাডেট কলেজে বার্ষিক

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

প্রতিযোগিতার বিভিন্ন ইভেন্টের মধ্যে ছিল ব্যাডমিন্টন, চকলেট দৌড়, বর্শা নিক্ষেপ, সুই সুতা পড়ানো, লৌহ গোলক নিক্ষেপ, চাকতি নিক্ষেপ, মার্বেল দৌড় এবং কলেজের শিক্ষক-শিক্ষিকাদের জন্য হাড়িভাঙ্গা ও পিলো পাসিং।

উদ্বোধনী অনুষ্ঠানে গাংনী মহিলার ডিগ্রী কলেজের অধ্যক্ষ খোরশেদ আলীর সভাপতিত্বে ও সহকারি অধ্যাপক মনোয়ার হোসেনের সঞ্চালনায়, প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত ছিলেন কলেজের গভর্নিং বডির সভাপতি এম এ এস ইমন।

ক্রিড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী ২৬ নভেম্বর রবিবারে অনুষ্ঠিত হবে বলে জানিয়েছে কলেজ কর্তৃপক্ষ।